75

**দৈনিক ইত্তেফাক**

তারিখ ... ...APR. 27. 1999 ..
পৃষ্ঠা: ১৬ কলাম ৭

# বুয়েটে গভীর রাতে ব্যাপক ভাংচুর

বিশ্ববিদ্যালয় রিপোর্টার ॥ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের পুরকৌশল বিভাগের একজন ছাত্রকে বহিষ্কারের ঘটনাকে কেন্দ্র করিয়া গত রবিবার গভীর রাতে কতিপয় উচ্ছৃঙ্খল ছাত্র বুয়েটের সকল প্রশাসনিক ও একাডেমিক ভবনে ব্যাপক ভাংচুরযজ্ঞ চালাইয়াছে। ছাত্ররা একজন শিক্ষকের গাড়ীসহ অন্তত ৬টি গাড়ী ভাংচুর করে। এই হামলা ভাংচুরে বিশ্ববিদ্যালয়ের প্রায় ১০ লক্ষ টাকার ক্ষতিসাধিত হইয়াছে। এই ঘটনায় একজন শিক্ষকের স্ত্রী আহত হইয়াছেন। বুয়েট কর্তৃপক্ষ এই ঘটনা তদন্তে ৬ সদস্যবিশিষ্ট একটি কমিটি গঠন করিয়াছে। জানা যায়, কিছুদিন পূর্বে বুয়েটের পুরকৌশল বিভাগের ২য় বর্ষের ছাত্রী দীপু ক্লাস টেষ্টে তাহার এক বান্ধবীর প্রক্সি দিতে গিয়া বিভাগীয় শিক্ষক আজাদুর রহমানের হাতে ধরা পড়ে। পরে তিনি কর্তৃপক্ষকে বিষয়টি অবহিত করিলে দীপুকে প্রথমে ২ বছর এবং পরে তাহা কমাইয়া ১ বছরের জন্য বুয়েট হইতে বহিষ্কার করা হয়। এই বহিষ্কারাদেশের প্রতিবাদে এই বিভাগের কিছু ছাত্র গত শুক্রবার হইতে ক্যাম্পাসে কয়েক দফা মিছিল ও কর্তৃপক্ষের উপর চাপ সৃষ্টি করে। কিন্তু কর্তৃপক্ষ নমনীয় না হওয়ায় গত রবিবার রাত সাড়ে ১০টায় রশিদ হলসহ কয়েকটি হল হইতে উচ্ছৃঙ্খল কিছু ছাত্র জোরপূর্বক বুয়েটের প্রধান গেট খুলিয়া ক্যাম্পাসে প্রবেশ করে। তাহারা কাউন্সিল ভবন, স্থাপত্য ভবন, পুরকৌশল ভবন, ইএমই ভবন, লাইব্রেরী, কেন্দ্রীয় মিলনায়তন, ক্যাফেটেরিয়া, ইনষ্টিটিউট ভবনসহ অন্যান্য ভবনের জানালা-দরজার ব্যাপক ক্ষতিসাধন করে। এই ছাত্ররা কেমিকৌশল বিভাগের প্রধান ডঃ আব্দুল কাদেরের গাড়ী, অটোশপের ১টি গাড়ী, ১টি প্রাইভেট কার এবং রাস্তার বাতিসমূহের ক্ষতিসাধন করে। ডঃ কাদেরের স্ত্রী আহত হন। জানা যায়, কতিপয় ছাত্রের চরম শৃঙ্খলাবিরোধী কর্মকাণ্ড, পরীক্ষা পিছানোর আন্দোলন এবং বিভিন্ন ছল-ছুতায় বিশৃঙ্খলা সৃষ্টির কারণে বুয়েট তাহার সুনাম ও ঐতিহ্য হারাইতে বসিয়াছে। বুয়েটে এখন ২ বছরের সেসন জট চলিতেছে। কর্তৃপক্ষ নানা কারণে এই উচ্ছৃঙ্খল ছাত্রদের বিরুদ্ধে কঠোর হইতে পারিতেছে না।

এদিকে বুয়েটে উচ্ছৃঙ্খল ছাত্রদের এই ভাংচুর ও শিক্ষকের গাড়ীতে হামলার নিন্দা জ্ঞাপন ও জড়িতদের শাস্তির দাবী জানাইয়াছে বুয়েট শিক্ষক সমিতি। গতকাল সমিতির সভাপতি ডঃ মোঃ হোসেন আলীর সভাপতিত্বে সেমিনার কক্ষে অনুষ্ঠিত এক সভায় ক্যাম্পাসে নিরাপত্তা জোরদার করার দাবী জানান হয়।

**আমাদের ষ্টাফ রিপোর্টার জানান, গতকাল (সোমবার) রাত সাড়ে ১১টার পর একদল উচ্ছৃঙ্খল ছাত্র পুনরায় বুয়েটে হামলা চালায় এবং কাউন্সিল ভবনে অগ্নিসংযোগ ও বেশ কয়েকটি গাড়ী ভাংচুর করে। গতকাল রাত সাড়ে ১২টায় শেষ খবর পাওয়া পর্যন্ত জানা যায়, ফায়ার সার্ভিসের কর্মীরা আগুন নিভানোর চেষ্টা করিতেছিলেন। ঘটনাস্থলে অতিরিক্ত পুলিশ পৌছিয়া পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে।**